জীবননগরে ৮৩৪ বোতল ফেন্সিডিল উদ্ধার

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার মনোহরপুর মাঠ থেকে ৮৩৪ বোতল ভারতীয় ফেন্সিডিল উদ্ধার করেছে বিজিবি।
সোমবার গভীর রাতে গোপন সংবাদে পরিত্যক্ত অবস্থায় ফেন্সিডিলগুলো উদ্ধার করা হয়। জীবননগর এলাকার দায়িত্বপ্রাপ্ত ৫৮ বিজিবি ব্যাটালিয়নের সদস্যরা এগুলো উদ্ধার করে।

৫৮ বিজিবি ব্যাটালিয়নের সহকারি পরিচালক মোহাম্মদ নজরুল ইসলাম খাঁন জানান, সোমবার রাতে গোপন সূত্রে খবর আসে মনোহরপুর এলাকা দিয়ে বিপুল পরিমাণ ভারতীয় ফেন্সিডিল পাচার হচ্ছে। খবর পেয়ে ঘটনাস্থলে অভিযান চালায় বিজিবি সদস্যরা।

এসময় কয়েকটি বস্তায় ৮৩৪ বোতল ফেন্সিডিল পরিত্যক্ত অবস্থায় পাওয়া যায়।

চুয়াডাঙ্গা প্রতিনিধি

জীবননগরে নবীন – প্রবীন প্রীতি ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে

জীবননগরে সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচির আওতায় নবীণ-প্রবীণ মেলা ও প্রীতি ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল মঙ্গলবার সকালে উপজেলার সীমান্ত ইউনিয়নের শাখারিয়া গ্রামের প্রবীণ সমাজিক কেন্দ্রে দিনভর নবীণ ও প্রবীণদের সমন্বয়ে ক্যারাম বোর্ড, ভলিবল, দাবা, লুডু ও বালিশ বদল খেলা অনুষ্ঠিত হয়। ওয়েভ ফাউন্ডেশন ও সীমান্ত ইউনিয়ন প্রবীণ কমিটির আয়োজনে এ খেলা অনুষ্ঠিত হয়।

সীমান্ত ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি শাজাহান আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে খেলাধুলা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গয়েশপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাইমুল হক সাহেব,ইউপি সদস্য ইমাদ উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম মধু, ইউনিয়ন প্রবীণ কমিটির সাধারন সম্পাদক আজিজুল হক, রবিউল হোসেন, শরিফুল হক বিশ্বাস প্রমুখ।
উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন সীমান্ত ইউনিয়ন প্রবীণ কমিটির প্রোগ্রাম অফিসার আসাদুজ্জামান লিটন।

জীবননগর প্রতিনিধি

জীবননগরে হেরোইনসহ ভারতীয় নাগরিক আটক

জীবননগর সীমান্ত থেকে মাদকদ্রব্য হেরোইনসহ মাদক ব্যবসায়ী জাবের মালিতা (৪২) নামের এক ভারতীয় নাগরিককে আটক করেছে বিজিবি।

গত মঙ্গলবার সন্ধা ছয়টার সময় তাকে জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গয়েশপুর গ্রাম থেকে আটক করা হয়। তার কাছ থেকে ছয় পুরিয়া হেরোইনট একটি সিমসহ মোবাইল ফোনও একটি ভারতীয় পাসপোর্ট জব্দ করা হয়। রাতে তাকে জীবননগর থানায় সোর্পদ করা হয়েছে।

গত মঙ্গলবার দিবাগত রাত সোয়া ১০টার ৫৮বিজিবির সহকারী পরিচালক মো.নজরুল খান এক প্রেস বিঞ্জপ্তির মাধ্যমে জানান,ভারতের কৃষ্ণগঞ্জ,থানার মেটেরি গ্রামের সাহাব আলী মালিতার ছেলে জাবের মলিতা মঙ্গলবার সন্ধ্যায় মাদকদ্রব্যসহ অবৈধভাবে জীবননগর সীমান্তের ৬৯নম্বর পিলার হতে ৪শ গজ বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করে ।

গোপন সংবাদের ভিক্তিত্বে বিজিবি সদস্যরা জাবের মালিতাকে চ্যালেঞ্জ করে তার কাছে থাকা ছয় পুরিয়া হেরোইন,ভারতীয় পাসপোর্ট

ও মোবাইল ফোন জব্দ করেন । তাকে জীবননগর থানা পুলিশের হাতে সোর্পদ করা হয়েছে।
– জীবননগর প্রতিনিধি

জীবননগর উপজেলায় মাসিক আলোচনা সভা অনুষ্ঠিত

জীবননগর উপজেলা পরিষদের উদ্যোগে উপজেলার বিভিন্ন বিষয় নিয়ে মাসিক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার সময় উপজেলা চেয়ারম্যানের কার্যলয়ে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান হাফিজের সভাপতিত্বে, উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, সীমান্ত ইউপি চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েন ,হাসাদহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস, উথলী ইউপি চেয়ারম্যান আবুল কালাম আযাদ, রায়পুর ইউপি চেয়ারম্যান আঃ রশিদ শাহ, আন্দুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান শেখ শফিকুল ইসলাম মোক্তার প্রমুখ উপস্থিত ছিলেন।

– জীবননগর প্রতিনিধি